

উদ্ভাবনী উদ্যোগ সংক্রান্ত তথ্য, ২০২০-২১

১) উদ্ভাবনের নাম: ডিজিটাল রেকর্ড রুম


২) উদ্ভাবনের পূর্বে সমস্যার সংক্ষিপ্ত বিবরণ: খতিয়ান সংগ্রহে সেবা গ্রহীতাদের জেলা প্রশাসকের কার্যালয়ে অধিক যাতায়াত এবং দালাল চক্রের দৌরাণ্যের কারণে হয়রানির শিকার হওয়া।

৩) উদ্ভাবনের যৌক্তিকতা: জমির খতিয়ান সংগ্রহে হয়রানি কমাসহ দালাল চক্রের দৌরাণ্য হাস পাবে।

৪) উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ

ক) সমাধান প্রক্রিয়া: সেবাগ্রহীতাগণ সশরীরে জেলা প্রশাসকের কার্যালয়ে আবেদন জমা প্রদান ও গ্রহণের ফলে অধিক সময় এবং অর্থ ব্যয় হতো। এরই প্রেক্ষিতে সেবাগ্রহীতাদের সুবিধার্থে অনলাইনের মাধ্যমে উক্ত সেবা সহজেই প্রদানের জন্য ভূমি মন্ত্রণালয় হতে উদ্যোগ গ্রহণ করা হয়। সেবা গ্রহীতাগণ স্বল্প সময়ে এবং স্বল্প ব্যয়ে চালুকৃত সেবা হতে সুবিধা প্রাপ্ত হবেন। একজন সেবাগ্রহীতা অনলাইনে খতিয়ান/মৌজা ম্যাপ এর জন্য আবেদন দাখিলের মাধ্যমে বিনামূল্যে তাৎক্ষণিকভাবে অনলাইন কপি প্রাপ্ত হবেন। এছাড়াও আবেদনকারী অনলাইনে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে সার্টিফাইড কপির জন্য আবেদন করতে পারবেন। আবেদনকারী যে ঠিকানায় খতিয়ানের সার্টিফাইড কপি পেতে ইচ্ছুক সে ঠিকানায় সার্টিফাইড কপি প্রেরণ করা হবে।

খ) পদ্ধতি চিত্র: (সমস্যার সমাধানের পদ্ধতি চিত্র)



গ) বর্তমান অবস্থা: ডিজিটাল রেকর্ড রুম সংক্রান্ত সেবা www.eporcha.gov.bd সাইটের মাধ্যমে উন্মুক্ত করা হয়েছে। নাগরিকদের জন্য এই সেবা প্রাথমিকভাবে ২১ (একুশ) টি জেলা (ঢাকা, ফরিদপুর, নরসিংদী, গোপালগঞ্জ, টাঙ্গাইল, শরীয়তপুর, কিশোরগঞ্জ, মাদারীপুর, নারায়ণগঞ্জ, রাজবাড়ী, মানিকগঞ্জ, চট্টগ্রাম, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ ময়মনসিংহ, নেত্রকোণা, পঞ্চগড়, কুড়িগ্রাম, রংপুর ও সিরাজগঞ্জ)-র জরিপের খতিয়ান ও মৌজা ম্যাপ এই সিস্টেমে উন্মুক্ত করা হয়েছে। বর্ণিত সাইট হতে নাগরিকগণ



'হাতের সুঠোয় ভূমিসেবা' প্রতিপাদকে সামনে রেখে ভূমি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বাংলাদেশের ২১টি জেলার রেকর্ড রুমের নাগরিক সার্ভিস ই-সার্ভিস বা ডিজিটাল সার্ভিসে রূপান্তরের কার্যক্রমের উদ্বোধন করেন মাননীয় ভূমিমন্ত্রী সাইফুজ্জামান

কাজক্ষিত খতিয়ান ও মৌজা ম্যাপ সহজেই খুঁজে পান এবং অনলাইন কপি প্রাপ্তিসহ সার্টিফাইড কপির জন্য অনলাইনে ফি প্রদান করে আবেদন করতে পারছেন। ইতোমধ্যে ২১ টি জেলার ১১৩৯৫৭৭ টি বিএস, ৩৮১৯৭৫৯ টি সিএস, ৬৯১৬৩৩৯ টি আর এস, ৯২১৮৯৮৩ টি এসএ, ৩৭৬২৬ টি পেটি, ৫৮৭২৮ টি দিয়ারাসহ সর্বমোট ২১২৪১০১২ টি খতিয়ান আপডেট করা হয়েছে।



ডিজিটাল রেকর্ড রুম সাইটের একাংশ

৫) সুবিধাভোগীর ধরণ ও সংখ্যা: বাংলাদেশের সকল নাগরিক।

৬) উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ এবং তা নিরসনে গৃহীত কৌশল/ব্যবস্থাসমূহ:

বিদ্যমান খতিয়ানের তথ্য প্রাপ্তি এবং তা নির্ভুলভাবে অনলাইন সিস্টেমে হালনাগাদ করা একটি বড় চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ মোকাবিলায় বিদ্যমান খতিয়ানসমূহ হালনাগাদকরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে এবং নিয়মিতভাবে তা মনিটরিং এর আওতায় আনা হয়েছে।

৭) উদ্ভাবনী উদ্যোগটির প্রচারণা ও টেকসইকরণের কর্মপরিকল্পনা এবং তা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাসমূহ:

- নিয়মিতভাবে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াতে প্রচার প্রচারণার মাধ্যমে জনগনকে অনলাইন সেবা গ্রহণের বিষয়ে উদ্বুদ্ধকরণ;
- চালুকৃত সেবাটি নিয়মিতভাবে মনিটরিং এর আওতায় আনয়ন এবং
- চালুকৃত সেবার মান উন্নয়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ।